গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী,ঢাকা-১২১২

স্মারক নং- ডিজি,এইচ,এস/এল,এ-৮৪/২০১৯/ 8228 তারিখঃ- 22/12/2024

**বিষয়ঃ- মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট-৫৯২৮/২০১৯ নং মামলার ২৮/০১/২০২১ ইং তারিখের রায় ও সিভিল সার্জন কর্তৃক গঠিত কমিটির তদন্তের প্রেক্ষিতে জনাবা সম্পা দাস (স্বাস্থ্য সহকারী) এর পরিবর্তে জনাব মোঃ সুজন সরদারকে বর্ণিত ওয়ার্ডে শুন্য পদে নিয়োগ প্রদান প্রসংগে।**

সূত্রঃ- মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রায়/আদেশ, তাং -২৮/০১/২০২১ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন পূর্বক অবহিত করা যাচ্ছে যে, জনাব মোঃ সুজন সরদার,পিতা- মোঃ মজিদ সরদার,গ্রাম-টিকাসার,পোঃ-গৌরনদী,মাহিলাড়া ইউনিয়ন-০৪,জেলা-বরিশাল কর্তৃক সিভিল সার্জন অফিস কর্তৃক গৃহীত স্বাস্থ্য সহকারী পদে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ন নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত বিষয়ে সচিব স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও অন্যান্যদের বিবাদী করে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট -৫৯২৮/২০১৯ নং মামলা দায়ের করেন। দায়েরকৃত মামলায় বিজ্ঞ আদালত নিম্নোক্ত রায় প্রদান করেন (২৮/০১/২০২১ ইং):- **Accordingly,the rule is made absolute. The respondents are hereby directed to cancel the appointment of respondent no.6, Shompa Das and to issue an appointment letter in favour of the petitioner if there is no other suceessful candidate or no other suceessful candidate ,who is more competent than the petitioner as per the order of merit of the said recruitment examination within word no.01,(old),Mahilara Union,Upazila-Gournadi,District-Barisal within 30(thirty) days from the date of receipt of a copy of this judgment.** উক্ত প্রেক্ষাপটে আদালতের রায় বাস্তবায়নার্থে ৬ নং বিবাদী সম্পা দাসের নিয়োগ বাতিল করত: উক্ত নিয়োগ পরীক্ষায় উত্তীর্ন ও উক্ত ওয়ার্ডের (ওয়ার্ড নং -১) বাসিন্দা আবেদনকারী বা অন্য অধিক যোগ্যতার প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় মেধাক্রমে আদালতের রায় প্রাপ্তির ৩০ দিনের মধ্যে নিয়োগ পত্রদানে নির্দেশনা প্রদান করেছেন।

এখানে উল্লেখ্য যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাপক/প্রশা-১/২সি-০৭/ ২০০৬(অংশ-১)/৪৪৪,তারিখঃ-২০/০৩/২০১২ ইং এর পরিপত্রের আলোকে মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা এর পক্ষে পরিচালক (প্রশাসন) তাহার কার্যালয়ের স্মারক নং-স্বাঅধিঃ/প্রশাস-২/ছাড়পত্র/নিয়োগ-২২/২০১২/৫৮৫৫, তারিখঃ-১৮/১১/২০২২ ইং মোতাবেক সিভিল সার্জন বরিশালের দপ্তর এবং অধিনস্ত দপ্তরসমুহের ৩য়/৪র্থ শ্রেনীর ৭৯টি শুন্য পদে জনবল নিয়োগের জন্য স্থায়ী নাগরিকদের নিকট হইতে শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা হয়। সেই প্রেক্ষিতে নিয়োগকৃত-০১ হইতে ৪৭ জনের মধ্যে ক্রমিক নং-২৫ জনাবা সম্পাদাস,রোল নং-৮০১৯৪৮, পিতা-সুকুমার দাস, মাতা-গ্রন্থরানী দাস, গ্রাম-ডিমেরপাড়, পোঃ-মাহিলাড়া, উপজেলা-গৌরনদী, জেলা বরিশালকে মাহিলাড়া ইউনিয়নের ওয়ার্ড নং-০১(সাবেক) উপজেলা গৌরনদী,বরিশালকে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ প্রদান করা হয়। সেই নিয়োগ পত্র পেয়ে জনাবা সম্পাদাস গত- ২৯/০৪/২০১৯ ইং তারিখে মাহিলাড়া ইউনিয়নের পুরাতন-০১ নং ওয়ার্ডের শুন্য পদের বিপরীতে সিভিল সার্জন,বরিশাল বরাবর যোগদানপত্র দাখিল করেন।

তাহার এই নিয়োগের বিষয়ে জনাব মোঃ সুজন সরদার,পিতা-মোঃ আঃ মজিদ সরদার,মাতা-লুৎফর বেগম,রোল নং-৮০১৯৫১, গ্রাম-টিকাসার, ওয়ার্ড নং-০১(সাবেক), ইউনিয়ন মাহিলারা, পোঃ-গৌরনদী, জেলা-বরিশাল, কর্তৃক ০৯/০৫/২০১/ ইং তারিখে সম্পাদাস এর বিরুদ্ধে আবেদন পত্রে তথ্য গোপন করে সাবেক ০১ নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হিসেবে নিয়োগ লাভ করেন বিধায় তাহার নিয়োগ আদেশ বাতিল করার জন্য একখানা আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করেন(কপি সংযুক্ত)।

CamScanner

উক্ত অভিযোগের সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য অত্র দপ্তরের স্মারক নং-সিএসবি/প্রশা/২০০৯/১৪৪৪, তারিখ-১৬/০৫/২০১৯ইং মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা বরিশালকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা সরেজমিনে তদন্ত করিয়া মতামতসহ প্রতিবেদন দাখিল করেন। যাহাতে উল্লেখ করেন,মাহিলাড়া ইউনিয়নের সাবেক-০১ ওয়ার্ডের নবযোগদানকৃত স্বাস্থ্য সহকারী জনাবা সম্পা দাস,গৌরনদী উপজেলা মাহিলাড়া ইউনিয়নের-০১ নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা নন। তিনি মাহিলাড়া ইউনিয়নের সাবেক-০৩ নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা(কপি সংযুক্ত)। যাহা অত্র দপ্তরের স্মারক নং-সিএসবি/প্রশা/২০১৯/২৬৪৭,তারিখঃ-০১/০৯/২০১৯ইং মোতাবেক মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা। দৃষ্টি আঃ-পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করেন (কপি সংযুক্ত)।

**এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট-৫৯২৮/২০১৯ নং মামলার ২৮/০১/২০২১ ইং তারিখের রায় ও সিভিল সার্জন কর্তৃক গঠিত কমিটির তদন্তের প্রেক্ষিতে জনাবা সম্পা দাস (স্বাস্থ্য সহকারী) এর পরিবর্তে জনাব মোঃ সুজন সরদারকে বর্ণিত ওয়ার্ডে শুন্য পদে আদালতের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।**

**ইহাতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

সংযুক্তঃ- পাতা।

প্রাপক,
সিভিল সার্জন
বরিশাল।

22/12/24

(ডাঃ এ,বি,এম,আবু হানিফ)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।

স্মারক নং- ডিজি,এইচ,এস/এল,এ-৮৪/২০১৯/ ৪১২৪/১(৭) তারিখঃ- 22/12/2024

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আর্কষনঃ- যুগ্ম-সচিব (আইন অনুবিভাগ)।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা(দৃঃআঃ-সহকারী পরিচালক(সমন্বয়)।
৩। পরিচালক(প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।।
৪। উপ পরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সহকারী পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। মোঃ সুজন সরদার, পিতা-মোঃ আঃ মজিদ সরদার,মাতা-লুৎফর বেগম,গ্রাম-টিকাসার,ওয়ার্ড নং-০১ (সাবেক),ইউনিয়ন মাহিলারা-০৪, পোঃ-গৌরনদী, জেলা-বরিশাল।
৭। অফিস কপি।

22/12/2024
(ডাঃ আনোয়ার হোসেন)
সহকারী-পরিচালক (আইন)
মহা পরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।

CamScanner